**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২৪ জুন ২০১৫, ১০ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আওয়ামী লীগের নেতৃত্বেই এদেশের মানুষের সব অর্জন হয়েছে
: দলের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনায় প্রধানমন্ত্রী
২। আঞ্চলিক সংযোগ প্রকল্পে সহায়তায় আগ্রহী বিশ্বব্যাংক
৩। বেসরকারিভাবে কর্মী নিতে চায় মালয়েশিয়া
৪। আঠারোই থাকছে মেয়েদের বিয়ের বয়স : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী
৫। রাজ্জাককে এ সপ্তাহেই ফেরত পাওয়ার আশা : পতাকা বৈঠকের প্রস্তাব দিয়ে বিজিপির চিঠি
৬। ঈদে ঘরমুখো যাত্রায় বিকল্প দশ রুট : শেষ দশ দিন ২৪ ঘণ্টা খোলা সিএনজি স্টেশন
৭। চট্টগ্রামে সেতু ভেঙ্গে পড়ে যাওয়া তেলের ওয়াগন উদ্ধারে শ্লথগতি, হুমকির মুখে পরিবেশ
৮। রাজধানীতে ৮৫০টি জাল পাসপোর্টসহ গ্রেফতার ৪
৯। চট্টগ্রামে ১২ কেজি সোনাসহ গ্রেফতার ৩
১০। আজ বাংলাদেশ-ভারত তৃতীয় ও শেষ ওয়ানডে
: বাংলাওয়াশের স্বপ্ন পূরণের প্রতীক্ষায় বাংলাদেশ

চলমান পাতা/২

১। আওয়ামী লীগের নেতৃত্বেই এদেশের মানুষের সব অর্জন হয়েছে : দলের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, এদেশের মানুষের সব অর্জন আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে। বঙ্গবন্ধু একটি শক্তিশালী সংগঠন (আওয়ামী লীগ) করেছিলেন বলেই বাংলাদেশের স্বাধীনতা এসেছে, মানুষের অধিকারও অর্জন হয়েছে। দেশ ও জাতির জন্য আওয়ামী লীগের নেতাকর্মীদের অনেক ত্যাগ ছিল বলেই আজ স্বাধীনতার সুফল মানুষের ঘরে ঘরে যাচ্ছে। গতকাল ২৩ জুন মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগের ৬৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দলীয় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.২,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৫)।

এছাড়া প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে দেশবাসী ও দলের প্রতিটি নেতাকর্মীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, বাংলাদেশের স্বাধীনতা ও আওয়ামী লীগ ওতপ্রোতভাবে জড়িত। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল ২৩ জুন মঙ্গলবার জাতীয় সংসদ অধিবেশনের শুরুতে আওয়ামী লীগের ৬৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় সংসদে পয়েন্ট অব অর্ডারে অংশ নিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬), নিউ এজ (পৃ.১,ক.২)।

২। আঞ্চলিক সংযোগ প্রকল্পে সহায়তায় আগ্রহী বিশ্বব্যাংক

দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সংযোগ প্রকল্পে আগ্রহী হয়ে উঠেছে বিশ্বব্যাংক। বাংলাদেশের সঙ্গে ভারত এবং ভুটান ও নেপালের কানেক্টিভিটি প্রকল্পে বাড়তি অর্থায়নেও আগ্রহী বিশ্বব্যাংক। মোট চারটি খাতকে বিবেচনায় নিয়ে বাংলাদেশের কান্ট্রি পার্টনারশিপ ফ্রেমওয়ার্ক (সিপিএফ-২০১৬-২০২০) অর্থায়নের খসড়া কাঠামো নির্ধারণ করছে বিশ্বব্যাংক। চার খাতের মধ্যে সর্বোচ্চ গুরুত্ব আঞ্চলিক কানেক্টিভিটি বা সংযোগ খাতে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

৩। বেসরকারিভাবে কর্মী নিতে চায় মালয়েশিয়া

বাংলাদেশ থেকে সরকারিভাবে নেওয়ার পাশাপাশি বেসরকারিভাবেও লোক নেওয়ার প্রস্তাব দিয়েছে মালয়েশিয়া। বিষয়টি চূড়ান্ত করতে বাংলাদেশের প্রবাসীকল্যাণ মন্ত্রীর নেতৃত্বে সাত সদস্যের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল গতকাল ২৩ জুন মঙ্গলবার রাতে মালয়েশিয়ার উদ্দেশ্যে রওনা হয়েছে। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আজ ২৪ জুন বুধবার মালয়েশিয়ার প্রধানমন্ত্রী নাজিব রাজাকের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলবেন প্রবাসীকল্যাণ মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। পরে এই প্রতিনিধিদল মালয়েশিয়ার স্বরাষ্ট্র ও মানবসম্পদ মন্ত্রীর সঙ্গেও কথা বলবে। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২)।

৪। আঠারোই থাকছে মেয়েদের বিয়ের বয়স : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মেয়েদের বিয়ের বয়স আঠারোই রাখা হবে উল্লেখ করে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, বাল্যবিয়ে নারীর ক্ষমতায়নের প্রধান অন্তরায়। সরকার বাল্যবিয়ে প্রতিরোধে অঙ্গীকারবদ্ধ। সরকার সিদ্ধান্ত নিয়েছে, বিয়ের ন্যূনতম বয়স আঠারোই থাকবে। গতকাল ২৩ জুন মঙ্গলবার রাজধানীর গুলশানের স্পেকট্রা কনভেনশন সেন্টারে আয়োজিত বিবাহিত শিশুর অধিকার রক্ষা-বিষয়ক একটি প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৩), যায়যায়দিন (পৃ.১৫,ক.৪), ডেইলি স্টার (পৃ.৩,ক.১)।

৫। রাজ্জাককে এ সপ্তাহেই ফেরত পাওয়ার আশা : পতাকা বৈঠকের প্রস্তাব দিয়ে বিজিপির চিঠি

পতাকা বৈঠকের মাধ্যমে এ সপ্তাহেই বিজিবির অপহৃত নায়েক আবদুর রাজ্জাককে ফিরে পাওয়ার ব্যাপারে আশাবাদী বাংলাদেশ। মিয়ানমারের মংডুতে পতাকা বৈঠকের প্রস্তাব দিয়ে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বিজিপি গতকাল ২৩ জুন মঙ্গলবার সন্ধ্যায় বিজিবিকে চিঠি দিয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.২)। নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ঈদে ঘরমুখো যাত্রায় বিকল্প দশ রুট : শেষ দশ দিন ২৪ ঘণ্টা খোলা সিএনজি স্টেশন

আসন্ন ঈদুল ফিতরে মানুষ যাতে নির্বিঘ্নে ঘরে ফিরতে পারে সেজন্য প্রচলিত রুটের বাইরে আরও দশটি রুট নির্ধারণ করছে সরকার। পাশাপাশি আগামী ১০ জুলাই থেকে ১৯ জুলাই ২৪ ঘণ্টাই খোলা থাকবে দেশের সব সিএনজি স্টেশন। এছাড়া ঈদের আগের তিনদিন ও পরের তিনদিন মহাসড়কে কাঁচাপণ্য, ওষুধ, জ্বালানি ও পোশাক শিল্পের পণ্য বহনকারী ট্রাক বা লরি ব্যতীত সকল প্রকার ট্রাক-লরি, নসিমন-করিমন, ইজি-বাইক, মাহেন্দ্র ও টেম্পো চলাচল বন্ধ থাকবে। রাজধানীর বিয়াম মিলনায়তনে গতকাল ২৩ জুন মঙ্গলবার আন্তঃমন্ত্রণালয় পর্যায়ের এক বৈঠক শেষে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের পক্ষ থেকে এসব তথ্য জানানো হয়। তবে নিত্যপ্রয়োজনীয় খাদ্য-দ্রব্য, পচনশীল দ্রব্য, গার্মেন্টস পণ্য, ওষুধ, কাঁচা চামড়া এবং জ্বালানি বহনকারী যানবাহন এর আওতামুক্ত থাকবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.৩,ক.২), নিউ এজ (পৃ.৩,ক.২)।

৭। চট্টগ্রামে সেতু ভেঙ্গে পড়ে যাওয়া তেলের ওয়াগন উদ্ধারে শ্লথগতি, হুমকির মুখে পরিবেশ

বৈরী আবহাওয়া ও অব্যাহত বর্ষণে চট্টগ্রামে ভেঙ্গে যাওয়া রেলসেতু মেরামত ও তেলের ওয়াগন উদ্ধার

কাজের গতি শ্লথ হয়ে পড়েছে। খালের পানিতে ছড়িয়ে পড়া ফার্নেস অয়েল বৃষ্টি ও জোয়ার ভাটার কারণে হালদা-কর্ণফুলী নদীর পানিতে মিশে গেছে। তেল প্রকৃতিতে ছড়িয়ে-ছিটিয়ে মিশে যাওয়ায় প্রাকৃতিক বিপর্যয়ের আশঙ্কা করছে পরিবেশ অধিদফতর। রেলসেতু ভেঙ্গে ফার্নেস অয়েলের ওয়াগন ডুবে যাওয়ার পাঁচদিন পেরিয়ে গেলেও তা উদ্ধার করতে পারেনি রেলওয়ে কর্তৃপক্ষ। গতকাল ২৩ জুন মঙ্গলবারও বৃষ্টির সঙ্গে হিম হাওয়া থাকার কারণে শ্রমিকরা কাজ করতে পারছে না। তাই বৃষ্টি কমে না আসা পর্যন্ত সেতু মেরামত ও ওয়াগন উদ্ধার কাজ ধীরগতিতে চলবে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৭), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন (পৃ.৯,ক.১)।

৮। রাজধানীতে ৮৫০টি জাল পাসপোর্টসহ গ্রেফতার ৪

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বর এলাকায় অবস্থিত 'শাপলা ভবনে' অভিযান চালিয়ে ৮৫০টি বিভিন্ন দেশের জাল পাসপোর্ট ও শিপিং লাইনের ৪০টি ডিসচার্জ জাল সনদসহ ৪ সন্দেহভাজন মানবপাচারকারীকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। রাজধানীর মালিবাগে সিআইডি কার্যালয়ে গতকাল ২৩ জুন মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে সিআইডির বিশেষ পুলিশ সুপার আব্দুল কাহহার আকন্দ এসব তথ্য জানান। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৫)।

৯। চট্টগ্রামে ১২ কেজি সোনাসহ গ্রেফতার ৩

চট্টগ্রাম নগরীতে ১২ কেজি ওজনের ১২০ পিস সোনার বারসহ ৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় সোনা বহনকারী বিলাসবহুল একটি প্রাইভেটকারও জব্দ করা হয়। গতকাল ২৩ জুন মঙ্গলবার নগরীর বায়েজিদ বোস্তামী থানার রুবি গেট এলাকা থেকে এসব সোনার বার উদ্ধার করা হয়। সূত্র-যুগান্তর (পৃ.১৪,ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.৪), নিউ এজ (পৃ.২,ক.১)।

১০। আজ বাংলাদেশ-ভারত তৃতীয় ও শেষ ওয়ানডে : বাংলাওয়াশের স্বপ্ন পূরণের প্রতীক্ষায় বাংলাদেশ

বাংলাদেশ-ভারত তিন দিনের ওয়ানডে সিরিজের ২য় ম্যাচে গত ২১ জুন রোববার ভারতকে ছয় উইকেটে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয় নিশ্চিত করল বাংলাদেশ। আজ ২৪ জুন বুধবার বেলা ৩টায় মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে ভারতের বিপক্ষে সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচে নামছে টাইগাররা। আজ ভারতের বিপক্ষে শেষ ওয়ানডেতেও পূর্ণ শক্তি এবং পূর্ণোদ্যমে ঝাঁপিয়ে পড়বে মাশরাফি বাহিনী। দলের গুরুত্বপূর্ণ সদস্য নাসির হোসেন তো মিডিয়ার সামনে পরিষ্কার বলে গেলেন, বিন্দু পরিমাণ ছাড় দেওয়া হবে না ভারতীয়দের। সূত্র-জনকণ্ঠ ইত্তেফাক, ভোরের কাগজ, ইনকিলাব, সমকাল, যুগান্তর, ডেইলি স্টার, ডেইলি সানসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সরকার চট্টগ্রামের কেইপিজেডকে দেওয়া আড়াই হাজার একর জমি থেকে দুই হাজার একর জমি ফেরত নিলে দেশে বিনিয়োগকারীর নিরুৎসাহে বিপুল পরিমাণ বিদেশি বিনিয়োগের সম্ভাবনা ক্ষতিগ্রস্ত হবে উল্লেখ করে এ ব্যাপারে পুনর্বিবেচনার সুপারিশ;

খ. ইত্তেফাক : মাদক ব্যবসায় বহু সরকারি কর্মকর্তা জড়িত থাকার অভিযোগ তদন্ত সাপেক্ষে এ ব্যাপারে সরকার কঠোর ব্যবস্থা নিবে এ প্রত্যাশা ব্যক্ত;

গ. সংবাদ, ইনকিলাব : দেশ থেকে চলতি বছর চার হাজার ২৮৩ কোটি টাকা বিদেশে পাচার হয়ে সুইস ব্যাংকে জমা হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশে উন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠিত করতে অবৈধ উপায়ে অর্থ পাচার রোধ করতে বিনিয়োগ বান্ধব পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঘ. সমকাল : নারায়ণগঞ্জের পাগলার রসুলপুরে রেলক্রসিংয়ে ট্রেন ও লেগুনার সংঘর্ষে পাঁচজন নিহত ও দশজন আহত হওয়ার ঘটনা উল্লেখ করে এসব অরক্ষিত মান্ধাতার আমলের রেলক্রসিং প্রায়ই মারাত্মক দুর্ঘটনার কারণ হওয়ায় আধুনিক রেলক্রসিং ব্যবস্থা গড়ে তোলার সুপারিশ;

ঙ. যুগান্তর : পানি উন্নয়ন বোর্ডের (পাউবোর) ক্যাপিটাল ড্রেজিং প্রকল্পে জালিয়াতির অভিযোগ তদন্ত সাপেক্ষে বিচার দাবি;

চ. ডেইলি অবজারভার, নিউ নেশন, ডেইলি সান : সম্প্রতি পুলিশ বাহিনীর সদস্যদের পোকায় খাওয়া দুর্গন্ধযুক্ত নিম্নমানের গম রেশন হিসেবে দেওয়া হচ্ছে এ অভিযোগ পাওয়া গেলে আশঙ্কা প্রকাশ করে বলা হয় খাদ্য কর্তৃপক্ষ পশুর খাওয়া অযোগ্য এ গম অনতিবিলম্বে হয়ত খোলা বাজারে ছেড়ে দিবে, যেটা সরকারকে কঠোর হস্তে দমন করতে হবে বলে অভিমত প্রকাশ;

ছ. ইন্ডিপেনডেন্ট, জনকণ্ঠ : চট্টগ্রামের বোয়ালখালীতে কর্ণফুলী নদীতে ওয়াগন থেকে ফার্নেস তেল পড়ার ঘটনার পর চারদিন অতিবাহিত হলেও এ তেল অপসারণে কার্যকর কোন পদক্ষেপ দেখা যাচ্ছেনা বলে তেল প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হালদা নদীতে ছড়িয়ে পড়ে মৎস্য প্রজননকে ভয়াবহ হুমকির মুখে ঠেলে দিচ্ছে এবং কয়লা নির্ভর রামপাল বিদ্যুৎকেন্দ্র স্থাপন সুন্দরবনের পরিবেশগত বিপর্যয় ঘটাবে বলে আশঙ্কা প্রকাশ;

জ. ফিনানশিয়াল এক্সপ্রেস : ঢাকা শহরের ট্রাফিক অব্যবস্থাপনা কমাতে যখন ঢাকা ট্রাফিক সমন্বয় কর্তৃপক্ষ

(ডিটিসিএ) বাসরুটের সংখ্যা কমানোর পরামর্শ দিয়েছে তখন আঞ্চলিক পরিবহণ কমিটি (আরটিসি) ঢাকা আরো ৫৮টি নতুন বাসরুট চালুর অনুমোদন দিয়েছে যা এ দুটি সংস্থার সমন্বয়হীনতাকেই নির্দেশ করে উল্লেখ করে যানবাহনের সংখ্যা কমানো এবং মেট্রোরেলের মাধ্যমে এ পরিস্থিতির উন্নয়ন হবে বলে আশা প্রকাশ;

ঝ. ডেইলি স্টার, নিউ এজ : মোবাইল কোর্ট অ্যাক্ট (সংশোধিত) ২০১৫ তে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের হাতে সন্দেহভাজন দোষীদের সাজা দেওয়া ও জরিমানা করার যে ক্ষমতা দেওয়া হয়েছে তা রাজনৈতিক স্বার্থে অপব্যবহার করা হতে পারে এ আশঙ্কা প্রকাশ করে এ বিষয়ে আইন মন্ত্রণালয়কে সতর্ক হওয়ার পরামর্শ;

ঞ. ডেইলি সান : বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করতে যখন বিদেশি বিনিয়োগ উন্নয়নের বড় শর্ত তখন ইপিজেডগুলোতে নতুন শিল্প স্থাপনে স্থান-সংকুলান হচ্ছেনা এ তথ্যে বিস্ময় প্রকাশ করে বিকল্প কোনো ব্যবস্থায় জমির পরিমাণ বাড়ানো অথবা নতুন ইপিজেড স্থাপনের সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে বিজিবি তার আত্মমর্যাদা ও ঐতিহ্য সুমন্নত রাখতে সর্বোচ্চ সাহসিকতার সাথে অগ্রসর হয়ে মাদক, চোরাচালান ও অপদখলের বিরুদ্ধে সোচ্চার হবে দেশের মানুষের এটাই প্রত্যাশা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'যানজট নিরসনে সঠিক সিদ্ধান্তের প্রয়োজন' শিরোনামের নিবন্ধে নাসির উদ্দিন আহমেদ আগামী প্রজন্মের জন্য আমাদের রাজধানী ঢাকাকে নতুনভাবে নতুন সাজে একটি যুগোপযোগী আধুনিক রাজধানীর প্রয়োজনীয় কাঠামো প্রদানে যানজট নিরসনে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা